



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০

(সংরক্ষণ শাখা, সার ব্যবস্থাপনা বিভাগ)

www.badc.gov.bd

স্মারক নং-১২.২৪৩.০১৮.০১.০১.০১৭.২০০৩- ৭৪৪

তারিখঃ ২৭ এপ্রিল, ২০১৮ খ্রিঃ।

যুগ্মপরিচালক (সার)  
বিএডিসি, ঢাকা।

বিষয়ঃ শিবালয় সার গুদামের ভাড়াটিয়ার আবেদনের প্রেক্ষিতে গৃহীত ব্যবস্থা এবং আইনজীবী নিয়োগের প্রস্তাব প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ মহামান্য সুপ্রীম কোর্টে জনাব আঃ রশিদ মল্লিক কর্তৃক দায়েরকৃত রিট পিটিশন নং-৩৭০৯/২০১৮।

মহোদয়,

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা অঞ্চলের মানিকগঞ্জ জেলার শিবালয় উপজেলাস্থ বিএডিসির ২০০ মেঃ টন ধারণক্ষমতাসম্পন্ন সার গুদাম ও স্থাপনার ভাড়াটিয়া জনাব আঃ রশিদ মল্লিক কর্তৃক চুক্তির শর্ত ভঙ্গ করায় দখল হস্তান্তর বিষয়ে হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-৮৪৯৮/২০১৬ মামলাটি ১৩/১২/২০১৭ তারিখে উভয় পক্ষের শুনানী অন্তে মাননীয় আদালত কর্তৃক Rule Discharge করা হয়েছে অর্থাৎ সংস্থার পক্ষে আদেশ প্রদান করা হয়েছে। গত ১৯/০২/২০১৮ তারিখে ভাড়াটিয়া আপনার বরাবর দাখিলকৃত আবেদনের নিষ্পত্তি চেয়ে রিট পিটিশন নং-৩৭০৯/২০১৮ দায়ের করেছেন।

২. এমতাবস্থায়, ঢাকা অঞ্চলের মানিকগঞ্জ জেলার শিবালয় উপজেলায় ২০০ মেঃ টন সার গুদামের ভাড়াটিয়ার আবেদনের প্রেক্ষিতে গৃহীত ব্যবস্থার প্রমানাদিসহ উক্ত মামলাটি সংস্থার পক্ষে পরিচালনার জন্য একজন আইনজীবীর নাম প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ রিট পিটিশনের কপি ১ পাতা।

(আশুতোষ লাহিড়ী)

মহাব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা)

বিএডিসি, ঢাকা।

ফোন: ৯৫৫ ৪০১৬

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
২. প্রোগ্রামার (আইসিটি সেল), মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
৩. উপ-সচিব (আইন), বিএডিসি, ঢাকা।
৪. সদস্য পরিচালক (সার ব্যবস্থাপনা) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
৫. দপ্তর লিপি।